কেন্দ্রীয় কৃষকলীগের কর্মসূচিকে সাফল্যমণ্ডিত করতে আলমডাঙ্গা উপজেলা কৃষকলীগের প্রস্তুত্তি সভা

আগামী ২৫ আগস্ট কেন্দ্রীয় কৃষকলীগের নেত্রীবৃন্দদের চুয়াডাঙ্গা সফর উপলক্ষে প্রস্তুত্তিমূলক আলোচনা সভা করেছেন আলমডাঙ্গা উপজেলা কৃষকলীগ। সফরকে কেন্দ্র করে বেশ কিছু কর্মসূচি রেখেছে কেন্দ্রীয় কৃষকলীগের নেতাকর্মীরা। কর্মসূচির মধ্যে এতিমদের মাঝে মৌসুমী ফল বিতরণ, রক্তদান, বৃক্ষরোপণ ও আলোচনা সভা।

কর্মসূচিকে সুন্দর করার লক্ষে উপজেলা কৃষকলীগ একটি প্রস্তুত্তিমূলক আলোচনা সভার আয়োজন করে। আলোচনা সভায় জেলা কৃষকলীগে যুগ্ম সাধারণ সম্পাদক দীপক বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষকলীগের মহিলা সম্পাদিকা কাউন্সিলর সামসাদ রান (রাঙ্গাভাবী)।

উপজেলা কৃষকলীগের দপÍর সম্পাদক সাহাবুল হকের পরিচালনায় আরো বক্তব্য দেন, উপজেলা কৃষকলীগের সহসভাপতি আব্দুর রাজ্জাক, মুক্তিযোদ্ধা সৌমিন্দ্রনাথ সাহা, ফজলুর রহমান, মঞ্জিল হোসেন, রানা মাস্টার, বদর উদ্দিন, ছারোয়ার হোসেন, শাকের আলী, আমিরুল ইসলাম, অভিমান্য কুন্ডু,আব্দুল সালাম, মনিরুল ইসলাম প্রমুখ।

আলমডাঙ্গা উপজেলা যুবলীগ মানুষের অন্তরে জায়গা পেতে

চায়-সোনাহার

রাজনীতিতে অনেক মতভেদ থাকে, অনেক গ্রুপ থাকে, অনেক সন্ত্রাস থাকে, দ্বিধা-দ্বন্দ্বে পড়ে রাজনৈতিক কর্মীদের মাঝে অনেক হানহানিও থাকে, আবার স্বার্থের জালে পড়ে অনেক খুনোখুনিও থাকে। কিন্ত এসব কোন কিছুই জনগণের কল্যাণের জন্য না। রাজনৈতিক চরম নেতিবাচক এসব দিকগুলোকে পাশ কাটিয়ে জনগণের জন্য কল্যাণমুখী রাজনীতি করতে চায় আলমডাঙ্গা উপজেলা আওয়ামী যুবলীগ।

জেলা যুবলীগ থেকে সদ্য অনুমোদন পাওয়া সংগঠনটি এরই মধ্যে আলমডাঙ্গার রাজনৈতিক সচেতন মানুষের মাঝে সেই পরিচ্ছন্ন ছাপ ফেলতে সক্ষমও হয়েছে। উপজেলা যুবলীগের আহবায়ক হয়ে এই সংগঠনের পিঠে সওয়ার হয়েছেন আলমডাঙ্গার অত্যন্ত পরিচ্ছন্ন ব্যক্তিত্ব আনোয়ার হোসেন মন্ডল সোনাহার। যুগ্ম-আহবায়ক হয়েছেন সাবেক ইউপি চেয়ারম্যান তাফসির আহমেদ লাল ও একে এম পারভেজ রাজু।

এছাড়া ২১ সদস্য বিশিষ্ট উপজেলার আহবায়ক কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে পোড় খাওয়া সব আওয়ামী লীগ পরিবার থেকে উঠে আসা একেকটি উদীয়মান যুবককে। এরা সবাই জোটবদ্ধ সন্ত্রাসকে ‘না’ বলে- জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ বাস্তবায়নের চেষ্টা করে যাচ্ছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক নির্দেশাবলী অক্ষরে অক্ষরে পালন করার চেষ্টা করছেন।

উপজেলা যুবলীগের আহবায়ক কমিটি গঠনের পর থেকেই অত্যন্ত ক্লিন ইমেজের সোনাহার মন্ডল তাঁর সহকর্মীদের নিয়ে জাতীয় সব দিবসসহ সামাজিক দায়বদ্ধতা থেকেও অনেক মানব কল্যাণমুখী কর্মসূচি পালন করছেন।

বৈশ্বিক মহামারি করোনাভাইরাসের প্রারম্ভ থেকে তাদের কর্মকাণ্ড। করোনার প্রথম দিকে চাষীরা যখন কামলার অভাবে মাঠের ধান কাটতে পারছিলেন না ঠিক তখনই আলমডাঙ্গা উপজেলা যুবলীগের কর্মীরা কৃষকের মাঠের ধান কেটে তাদের বাড়িতে পৌঁছে দেন। লকডাউনে সবচেয়ে মানবতার পরিচয় দেয় এই সংগঠনটি।

আলমডাঙ্গা পৌরসভাসহ উপজেলার ১৫ টি ইউনিয়নের কর্মহীন হয়ে পড়া অন্তত ১০ হাজার পরিবারের সদস্যদের মুখে খাবার তুলে দেন সংগঠনের নেতাকর্মীরা। একইভাবে করোনাভাইরাস থেকে বাঁচাতে হাজার হাজার মানুষের মাঝে বিতরণ করেন মাস্ক। এই কার্যক্রম চলছে এখনও।

জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, সোনাহারকে আহবায়ক করে ২১ সদস্য বিশিষ্ট উপজেলা কমিটিকে অনুমোদন দেওয়া হয়েছে। এই কমিটিকে কেন্দ্রেও পাঠানো হয়েছে। করোনার কারণে রাজনৈতিক কর্মকাণ্ড সীমিত থাকায় উপজেলা যুবলীগের সম্মেলন করা হচ্ছে না।

তিনি বলেন, জেলা যে যুবলীগের কমিটিকে অনুমোদন দিয়েছে সেটাই যুবলীগের আহবায়ক কমিটি। এখন কেউ যদি যুবলীগের নাম ভাঙিয়ে ফায়দা নিতে চাই তা অবৈধ। তিনি এ বিষয়ে সবাইকে সচেতন হওয়ার আহবান জানান।

উপজেলা যুবলীগের আহবায়ক আনোয়ার হোসেন মন্ডল সোনাহার বলেন, আমরা রাজনীতিতে সন্ত্রাস চাই না। সন্ত্রাসের বদনাম ঘোচাতে চাই। মানুষের কল্যাণে কাজ করতে চাই। উপজেলা যুবলীগ মানুষের অন্তরে জায়গা করে নিতে চায়।

গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বাবু করোনা মুক্ত

গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু কোভিড-১৯ থেকে মুক্ত হয়েছেন মর্মে ছাড়পত্র পেয়েছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগ নিয়ন্ত্রণ বিভাগের ডাক্তার আদিলা আজহার স্বাক্ষরিত ছাড়পত্র শনিবার দুপুরে হাতে পান আনারুল ইসলাম বাবু।

জানাগেছে, গত ৭/০৮/২০২০ ইং তারিখে গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবুর করোনা পরিক্ষায় নমূনা সংগ্রহ করে কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়।

৮ই আগস্ট পজেটিভ ফলাফল আসলে তাকে হোম আইসোলেশনে রাখে উপজেলা স্বাস্থ্য বিভাগ। ১৪ দিন হোম আইসোলেশন শেষে শনিবার তাকে করোনা মুক্ত হয়েছেন মর্মে ছাড়পত্র প্রদান করা হয়। তবে আরো ৭ দিন তাকে

হোম আইসোলেশন নিশ্চিত করতে হবে বলে নির্দেশনা দেন ডাক্তার আদিলা আজহার।

সৃস্টি কর্তার অশেষ কৃপা ও রহমত এবং পরিচিত জনদের দোয়াই করোনা থেকে মুক্ত হওয়ায় সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন আনারুল ইসলাম বাবু।

করোনা আক্রান্ত হয়েও অনুষ্ঠানে যোগ দিলেন সাহিদুজ্জামান এমপি

মেহেরপুর-২ (গাংনী) আসনের সাংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান গত ১৩ আগষ্ট সপরিবারে করোনায় আক্রান্ত হয়েছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরিত লকডাউন স্টিকার ঝুলছে তার বাড়িতে। তিনি লকডাউন ভেঙ্গে গতকাল শুক্রবার ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদ সভা করলেন অর্ধশতাধিক নেতাকর্মী নিয়ে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গত শুক্রবার রাত ৯টায় গাংনী পৌরশহরের থানা পাড়া সড়কে সংসদ সদস্যর ভাড়া বাসার সামনে ২১ আগষ্ট গ্রেনেড হামলার প্রতিবাদ সভায় প্রধান অতিথি হিসেবে স্বশরিরে উপস্থিত থেকে তিনি বক্তব্য প্রদান করেন।

গত ১৩ আগস্ট সাহিদুজ্জামান এমপি পরিবারসহ করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। সাহিদুজ্জামান ক্ষমতাসীন আওয়ামী লীগের সাংসদ। উপজেলা আওয়ামী লীগের সভাপতি। তাঁর স্ত্রী লাইলা আরজুমান, ছেলে সাদিউজ্জামান সাইফ, সামিউজ্জামান সামি করোনা পজেটিভ। পরিবারের সদস্য ছাড়াও তাঁর ব্যাক্তিগত গাড়িচালক শামীম পারভেজ, পিএস সবুজ আহমেদ, সহকারি রাশেদ রাইহান করোনায় আক্রান্ত হন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল ইসলাম বলেন, সাহিদুজ্জামান এমপি পরিবারসহ করোনায় আক্রান্ত হয়েছে। গাংনী পৌর শহরের বাসায় তিনি স্বপরিপারে হোম আইসোলেশনে

রয়েছে। তিনি ও তারঁ পরিবারের প্রত্যেক সদস্য সুস্থ্য রয়েছেন।
এ ব্যাপারে জানতে চাইলে জেলা সিভিল সার্জন নাসির উদ্দিন বলেন, সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান সপরিবারে করোনায় আক্রান্ত রয়েছেন। তার বাসভাবন লকডাউন করা হয়েছে ১৪ দিনের জন্য। দায়িত্বশিল সাংসদ হয়ে তিনি লকডাউন না মানলে কি করার আছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সেলিম শাহনেওয়াজ বলেন, সংসদ সদস্য সাহিদুজ্জামান সপরিবারে করোনায় আক্রান্ত হওয়ার পরে তার বাসা লকডাউন করা হয়েছে। লকডাউনের মাত্র ৯দিন অতিক্রম করেছে। দায়িত্বশিল ব্যাক্তিদের অবশ্যই সরকারি নির্দেশনা মানা উচিত।

তবে এ বিষয়ে সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুরে ২১ আগস্ট স্মরণে আওয়ামীলীগের আলোচনা ও দোয়া মাহফিল

মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে বঙ্গবন্ধু এভিনিউয়ে ২০০৪ সালের ২১ আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলায় শহীদদের স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকালে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের বাসভবনে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আবদুস সামাদ বাবলু বিশ্বাস।
এ সময় তিনি বলেন ১৯৭৫ সালের ১৫ ই আগস্ট যে বিদেশি চক্র জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে ভোররাতে হত্যা করেছিল তাদের সহযোগীরা তারেক জিয়া, হারিশ চৌধুরী, লুৎফুজ্জামান বাব,◌ু আব্দুস সালাম পিন্টু সহ অন্যান্য নেতৃবৃন্দ ও তৎকালীন প্রাইমমিনিস্টার বেগম খালেদা জিয়ার মতেই বিদেশ থেকে আনা গ্রেনেড

দিয়ে বিদেশি ট্রেনিং প্রাপ্ত জেহাদিদের ভাড়াকরে হামলা চালানো হয়। সে দিনের আওয়ামী লীগের সভাপতি আজকের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মূল টার্গেট করে হামলা চালানো হয়েছিলো। আল্লাহর রহমতে তিনি বেঁচে গেছেন। তিনি যখন বেঁচে আছেন, ১৫ আগস্ট হত্যাকাণ্ডের বিচার হয়েছে ২১ আগস্ট হত্যাকাণ্ডেরও বিচার হবে ।
আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সদস্য ও জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন প্রমুখ।

মেহেরপুরে ২১ আগস্ট স্মরণে তাঁতীলীগের দোয়া মাহফিল

২১ আগস্টের গ্রেনেড হামলার ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করে মেহেরপুর জেলা তাঁতীলীগের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকালে মুজিবনগর উপজেলা তাঁতীলীগের কার্যালয়ে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহ্বায়ক পবীর শেখ।
সদস্য সচিব আঙ্গুর গাজী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বক্তব্য দেন, মেহেরপুর জেলা তাঁতীলীগের আহ্বায়ক নুর ইসলাম সুবাদ, মুজিবনগর উপজেলা আওয়ামী- যুবলীগের সভাপতি কামরুল হাসান চান্দু, মেহেরপুর জেলা তাঁতীলীগের সদস্য সচিব মোঃ জুয়েল রানা।
এ সময় আরো উপস্থিত ছিলেন মাহফুজুর রহমান, ফারুক হোসেন সাহেব, শাহিন, রায়হান, সাদ্দাম, বাপ্পি, খালেক, আসাদুল হক বির, আকাশ প্রমুখ।
আলোচনা সভায় গ্রেনেড হামলার তীব্র নিন্দা জানান বক্তারা। সেই সাথে জড়িতদের অবিলম্বে শাস্তির দাবি জনান। পরে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

[redacted]

[redacted]

ছিলেন। অনুষ্ঠানের শুরুতে ২১ আগস্টের গ্রেনেড হামলা এবং ১৫ আগস্টের হত্যাযজ্ঞে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

২১ আগস্টের হামলায় আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক এবং মরহুম রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিণীসহ ২৪ জন প্রাণ হারিয়েছেন এবং ৫০০ বেশি লোক আহত হয়েছেন। আহতদের অনেকেই সারাজীবনের জন্য পঙ্গু হয়ে গেছেন।

সর্বশক্তিমান আল্লাহতায়ালার অশেষ রহমতে তৎকালীন বিরোধীদলীয় নেতা এবং বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং আওয়ামী লীগের প্রথম সারির অন্যান্য নেতারা কোনরকমে প্রাণে রক্ষা পান। বাসস

চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের দু’পক্ষের পাল্টাপাল্টি মামলা

সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালানোকে কেন্দ্র করে আওয়ামীলীগের দুটি পক্ষ পাল্টাপাল্টি মামলা দায়ের করেছে।

মঙ্গলবার রাতে জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন এবং অপর পক্ষে জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করেন। দু’পক্ষই ডিজিটাল নিরাপত্তা আইনে এ মামলা দায়ের করে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ বলেন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের বক্তব্যের ভিডিও বিকৃত করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করার অভিযোগে ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন মামলা দায়ের করেছেন।

অপর দিকে পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপুর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিজিএফ-এর চাল নিয়ে মিথ্যা অপবাদ প্রচার করার অভিযোগে স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান

মাফি মামলা দায়ের করেছেন।

জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেনের দায়ের করা মামলায় ছাত্রলীগ নেতা রকিবুল ইসলাম নিপ্পনসহ ৬ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা আরও ৪০/৫০ জনকে আসামি করা হয়েছে।

এজাহারে উল্লেখ করা হয়েছে, গত ১৩ আগস্ট জেলা শিল্পকলা একাডেমী চত্বরে ‘অস্থায়ী পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ’ শীর্ষক আলোচনা সভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় তিনি প্রধান অতিথির বক্তব্যে ১৬ মিনিট ৫৪ সেকেন্ড বক্তব্য রাখেন। কিন্তু ওই বক্তব্য ইচ্ছাকৃতভাবে কর্তন ও এডিট করে ৩০ সেকেন্ডের একটি অসত্য ও বিকৃত ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) প্রচার করা হয়।

অপরদিকে জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেনসহ ৫ জনের নাম উল্লেখ করে একই ধারার মামলা দায়ের করেছেন।

তিনি মামলার এজাহারে উল্লেখ করেন, গত ১৭ আগস্ট ভিজিএফের চাল নিয়ে চুয়াডাঙ্গার পৌর মেয়র ওবায়দুর রহমানের নামে মিথ্যা ও মানহানিকর তথ্য প্রচার করা হয়। আসামীরা তাদের ব্যক্তিগত ফেসবুক ওয়ালে মেয়রের নামে ভিত্তিহীন অপবাদ দিয়ে কুরুচিপূর্ণ স্ট্যাটাস পোস্ট করে।

ওসি আরো জানান, দুপক্ষের দুটি লিখিত অভিযোগ পেয়েছি। মামলা দুটি রেকর্ড হয়েছে। পরবর্তিতে আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

বঙ্গবন্ধু পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাস ও দূর্ণীতিমুক্ত দেশ

গড়ার -এমপি চঞ্চল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে বলুহর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউনিয়ন আ.লীগের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ রেলপথ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু আমাদের পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাসমুক্ত, দুর্নীতিমুক্ত দেশ গড়ার। জাতির জনকের হত্যাকারীদের ইনডেমনেটি দিয়ে জিয়া খুনিদের পুরস্কৃত ও পুনঃবাসন করে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য জাতির জনকের কন্যা জননেত্রী শেখ হাসিনা কাজ করে চলেছেন।

আজ গর্ব করে বলতে পারি আমরা এখন আমাদের অর্থে বাজেট বাস্তবায়ন করি। আমরা নিজেদের অর্থে পদ্মা সেতু করেছি। প্রধান অতিথির এ বক্তব্যে সভায় আগত সকলে আবেগ আপ্লুত হয়ে পড়েন।

অন্যান্যদের মধ্যে সভায় আরও বক্তব্য রাখেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বলুহর ইউপি চেয়ারম্যান আঃ মতিন, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, কুশনা ইউপি চেয়ারম্যান আঃ হান্নান, জাসদ নেতা শামিম আক্তার বাবু, আ.লীগ নেতা আকিমুল ইসলাম, আবুল হোসেন, মহিলা নেত্রী রুবিনা খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন। পরে বঙ্গবন্ধু ও তার পরিবার সহ দেশ ও জাতির মঙ্গল কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

[redacted]

[redacted]